# ফেব্রুয়ারি/২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| প্রশাসক | ঃ | মোঃ মহিদুল হক<br>প্রশাসক, উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>কাউনিয়া, রংপুর। |
| তারিখ | ঃ | ১৮/০২/২০২৫ খ্রি.। |
| সময় | ঃ | দুপুর ১১:৩০ ঘটিকা । |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ । |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতেই প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ২০/০১/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন, বিয়োজন বা সংযোজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর অদ্যকার সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্রঃনং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা | ইউনিয়ন/ওয়ার্ড কমিটির সভা সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, বিধি অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ড সভা অনুষ্ঠিত হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কমিটির সভার কার্যবিবরণী প্রতিমাসে প্রেরণ করা হচ্ছে। | উপজেলা পরিষদ সভা অনুষ্ঠানের পূর্বে ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও ইউপি/সচিব (সকল)কাউনিয়া, রংপুর। |
| ০২ | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করন। | হারাগাছ পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তাঁরা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি করার জন্য মেয়র, হারাগাছ পৌরসভা ও সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় | সংশ্লিষ্ট সকল |

বিভাগ ভিত্তিক আলোচনা :

১.উপজেলা স্বাস্থ্য বিভাগঃ

| ক্রঃনং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিক প্রক্রিয়ায় চলমান। তিনি বলেন যে, স্বাস্থ্য কমপ্লেক্সের রোগীর চিকিৎসা সেবায় ৫মিলি সিরিঞ্জ ব্যবহার হয়ে থাকে। হাসপাতালে ক্রয় সিরিঞ্জ প্রক্রিয়া চলমান। কিন্তু সিরিঞ্জ মজুদ না থাকায় রোগীদের নিজেদের ক্রয় করতে হচ্ছে। এতে করে চিকিৎসা সেবার সমস্যা হচ্ছে। তিনি জনসাধারণের চিকিৎসা সেবার জন্য উপজেলা পরিষদ তহবিল হতে ৫মিলি সিরিজ সরবরাহের অনুরোধ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভাউচারমূলে ৫মিলি সিরিঞ্জ ক্রয় বাবদ=২৫,০০০/-(পঁচিশ হাজার)টাকার মধ্যে (১৫% ভ্যাট ও ৫% আয়কর)টাকা কর্তন করে ভাউচার মূলে ক্রয় করে উপজেলা উন্নয়ন তহবিল (চিকিৎসা খাত)হতে ব্যয়ের চেক উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার,কাউনিয়া, রংপুরকে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২.উপজেলা কৃষি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা কৃষি অফিসার বলেন যে, পুরাতন উপজেলা পরিষদ ভবনের ০৩টি বাথরুম টাইলস করণ ও সংস্কার করা প্রয়োজন। এ বিষয়ে সিদ্ধান্তের জন্য সভায় অনুরোধ জানান। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদ চত্বরে অফিস ও বাসাবাড়ী মেরামত সংস্কার প্রয়োজন। এবিষয়ে স্থানীয় সরকার মন্ত্রনালয় বরাদ্দ চাহিয়া পত্র প্রেরণ করা হবে বরাদ্দ পাওয়া গেলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি অফিসার ও উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |

৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা জানান যে, সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ, সংকর জাতের গবাদি পশুর বাছুরের তথ্য সংগ্রহ, টিকা প্রদান, গবাদি পশু-পাখির চিকিৎসা সেবা, খামারীদের প্রশিক্ষণ, খামার রেজিস্ট্রেশন এবং মোবাইল কোর্ট ইত্যাদি কার্যক্রম চলমান রয়েছে। এলডিডিপি প্রকল্পের আওতায় পাওয়া ১৭টি গ্রাস চপার মেশিন উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর মহোদয় কর্তৃক নির্ধারিত তারিখে প্রকল্পের বিধি মোতাবেক হস্তান্তর করা হবে। এছাড়া তাঁর কার্যালয়ের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

৪. মৎস্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, রাজস্ব বাজেটের আওতায় তফসীডাঙ্গা বিলে স্থাপিত মৎস্য অভয়াশ্রমটি মেরামত করা হবে। আরও ২টি বরাদ্দ পাওয়া গিয়েছে। দ্রুতই কার্যক্রম শুরু হবে। এছাড়া তাঁর বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ

<table>
<tr><td rowspan="4">০৫</td><td rowspan="4">জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা।</td><td rowspan="2">মাসের নাম</td><td colspan="3">অস্থায়ী পদ্ধতি</td><td colspan="2">দীর্ঘমেয়াদী পদ্ধতি</td><td colspan="2">স্থায়ী পদ্ধতি</td><td rowspan="2">সর্বমোট</td><td rowspan="4">উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া,</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>কনডম</td><td>ইনজেকটেবলস</td><td>IUD</td><td>ইমপ্লানন</td><td>পুরুষ</td><td>মহিলা</td></tr>
<tr><td>জানুয়ারি/২০২৫</td><td>১৭৩</td><td>৫৬</td><td>৩৮৪</td><td>১৫</td><td>৯৫</td><td>০১</td><td>০</td><td>৭২৪</td></tr>
<tr><td colspan="9">১। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন এমআইএস ইউনিট কর্তৃক মাঠ পর্যায়ে জনসংখ্যা ও দম্পতি নিবন্ধন, তথ্য সংগ্রহ,সেবা প্রদানের তথ্যাদি সংরক্ষন, পতিবেদন প্রনয়ণ এবং প্রেরনের কার্যক্রম ডিজিটালাইজ করার লক্ষ্যে ২০১৫ সাল হতেই-এমআইএস কার্যক্রম গ্রহণ করা</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | হয়। ইতিমধ্যে ৬টি জেলায় পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপারলেস ঘোষণা করা হয়েছে।<br>২। এরই ধারাবাহিকতায় সুবিধাজনক সময়ে রংপুর জেলাসহ আরো ১৬টি জেলার পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদানের তথ্য উপাত্ত ও সংরক্ষন প্রক্রিয়াকে ওপপারলেস ঘোষনা করা হয়েছে।<br>৩।UH&FWC/MCWC গুলোতে,মা ও শিশু মৃত্যু রোধে সচেতনমূলক স্বাস্থ্য সেবা বৃদ্ধিসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।<br>৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম-FPI,FWV ও FWA কর্তৃক প্রতিমাসে কার্যক্রম চালু আছে।<br>৫। উক্ত উপজেলায় ৪১ টি ইউনিট হলেও কর্মরত FWAরয়েছে ৩৩ জন।<br>৬। বিভাগীয় মাসিক সমন্বয় সভার দাপ্তরিক দিকনির্দেশনা প্রদান করা হয়েছে। | রংপুর। |

৬.উপজেলা প্রকৌশল বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কমৃসূচী (এডিপি) ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় উপজেলা পরিষদ প্রকল্প বাছাই কমিটির গত-২৩/১২/২০২৪খ্রি. তারিখের অনুমোদন সাপেক্ষে উপজেলার মধ্যে বিভিন্ন বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের তালিকা গত গত ২০/০১/২০২৫ খ্রি. তারিখে জানুয়ারি/২০২৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা উন্নয়ন তহবিলে= ২,৯৪,৫১,৩০০/-টাকা প্রকল্প অনুমোদন করা হয়। কিন্তু প্রকৃত পক্ষে টাকার পরিমান হবে= ২,৯৩,৫১,৩০০/-টাকা। অনুমোদিত প্রকল্পসমূহে কিছু সংশোধনীর জন্য অনুরোধ করেন।<br>তিনি আরো জানান বিশেষ বরাদ্দের জন্য ০৩টি রাস্তা প্রস্তাব প্রেরণের জন্য সভায় পেশ করেন।<br>(ক) শহীদবাগ ইউনিয়নের ৯নং ওয়ার্ডের ভেলুপাড়া আব্দুল ঝলকের বাড়ী থেকে আরকে রোড পর্যন্ত ৭০০মিঃ (কাচা রাস্তা) রাস্তা আইডি নং ১৮৫৪২৫১৩৪ যার সম্ভাব্য ব্যয়= ৫৫,০০,০০০/-<br>(খ) কুর্শা ইউনিয়নে মীরবাগ বালিকা বিদ্যালয় থেকে কুর্শা উচ্চ বিদ্যালয়গামী রাস্তা পর্যন্ত রাস্তা পাকা করণ(অবশিষ্টাংশ-১৭৩০মিঃ) রাস্তা আইডি নং ১৮৫৪২৫০৭৪ সম্ভাব্য ব্যয়= ১,৫০,০০,০০০/-<br>(গ) বালাপাড়া ইউনিয়নের অন্নদানগরগামী হারুনের পুকুরপাড় হতে মোজির গেটগামী ভায়া খ্রিষ্টান মিশনারী স্কুল ভায়া সাহাবাজ দূর্গা মন্দির হয়ে আরকে রোড (টুপিকারখানা)রাস্তা পাকা করণ দৈঘ্য-১৬৬০ মিঃ (আইডি হয়নি) সম্ভাব্য ব্যয়=১,৪০,০০,০০০/- | নিম্নবর্ণিত প্রকল্প সমূহ সভায় সংশোধনীয় প্রকল্প সমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিশেষ বরাদ্দ জন্য আলোচ্য ০৩টি রাস্তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার,<br>চেয়ারম্যান(সকল) ইউপি ও উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |

বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)

| ক্রঃনং | প্রকল্পের বিবরণ | সংশোধিত প্রকল্প | বাস্তবায়নের ধরন | বরাদ্দকৃত টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১৪ | কুর্শা ইউনিয়নে বড়য়াহাট বিএম কলেজ সংস্কার | কুর্শা ইউনিয়নে বড়য়াহাট বিএম কলেজ বাউন্ডারি ওয়াল নির্মাণ | দরপত্র | ৩,০০,০০০.০০ | সংশোধিত কার্যবিবরনী নং-১৪ |

উপজেলা উন্নয়ন তহবিল(ইউডিএফ)

| ক্রঃনং | প্রকল্পের বিবরণ | সংশোধিত প্রকল্প | বাস্তবায়নের ধরন | বরাদ্দকৃত টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১২ | হারাগাছ ইউনিয়নে পল্লীমারী সরকারি প্রাথমিক বিদ্যালয় কাম বন্যা আশ্রয়কেন্দ্রের পিছনে গাইড ওয়াল নির্মাণ। | হারাগাছ ইউনিয়নে ০৯ নং ওয়ার্ডে জহিরের বাড়ীর সামনে শাহজাহান মাষ্টারের পুকুরের পাশে রাস্তায় সিসি ও গাইড ওয়াল নির্মাণ। | দরপত্র | ৬,০০,০০০.০০ | সংশোধিত কার্যবিবরনী নং-১২, ২৮ ও ২৯ |
| ২৮ | শহীদবাগ ইউনিয়নে কানিপাড়া স্কুলের পিছনে গাইড ওয়াল নির্মাণ। | | | | |
| ২৯ | শহীদবাগ ইউনিয়নে প্রাণনাথ চর স্কুল গামী আব্দুর রশিদ এর বাড়ীর পাশে পুকুর পাড়ে গাইড ওয়াল নির্মাণ। | | | | |
| ১৫ | হারাগাছ ইউনিয়নে বিটু মাষ্টারের বাড়ীর সামনের মোড় হতে ঘুলঘুলির বাজার পর্যন্ত রাস্তা আরসিসি করণ। | হারাগাছ ইউনিয়নে বিটু মাষ্টারের বাড়ীর সামনের মোড় হতে ঘুলঘুলির বাজার পর্যন্ত রাস্তা আরসিসি করণ<br>এবং হারাগাছ ইউনিয়নে বিটু মাষ্টারের বাড়ীর সামনের মোড় হতে ঘুলঘুলির বাজার পর্যন্ত রাস্তায় ইউ ড্রেন নির্মাণ। | দরপত্র | ১০,০০,০০০.০০ | সংশোধিত কার্যবিবরনী নং-১৫ |
| ২০ | কুর্শা ইউনিয়নে বাহাগিলি মাদ্রাসার পিছনে প্যালাসাইডিং নির্মাণ। | কুর্শা ইউনিয়নে সিংহেরকুড়া আহমোদিয়া বালিকা দাখিল মাদ্রাসার পিছনে প্যালাসাইডিং নির্মাণ। | দরপত্র | ৩,০০,০০০.০০ | সংশোধিত কার্যবিবরনী নং-২০ |
| ৪৮ | বালাপাড়া ইউনিয়নের ৮নং ওয়ার্ডের দাসপাড়া মহাদেব ও দূর্গা মন্দির সংলগ্ন বাঁধ হতে মৃত খয়ের উদ্দিন (দেওয়ানী) এর পুকুরপাড় পর্যন্ত সিসি দ্বারা রাস্তা নির্মাণ। | টেপামধুপুর ইউনিয়নের ১নং ওয়ার্ডের তাজুলের তেপতি হতে ছোলেমানের বাড়ী পর্যন্ত সিসি রাস্তা নির্মাণ। | দরপত্র | ৬,৫০,০০০.০০ | সংশোধিত কার্যবিবরনী নং-৪৮ |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, ২০২৫ সালের বিনা মূল্যে পাঠ্যপুস্তক এখনও সব এসে পৌছায়নি। এ পর্যন্ত মাধ্যমিক পর্যায়ে মোট চাহিদার ৩৩.১৮%, দাখিল পর্যায়ে ৩৮.৪৯% এবং এবতেদায়ী পর্যায়ে ৫৪.৪০% বই পাওয়া গেছে। অবশিষ্ট বই খুব শীঘ্রই পৌছাবে বলে আশা করা যাচ্ছে। শ্রেণী পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তাঁর দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, গত ১৬/০২/২০২৫খ্রি. তারিখে অন লাইন বদলীকৃত সকল শিক্ষক বদলীর আদেশের কপি হাতে পেয়েছেন। তারা বদলীকৃত বিদ্যালয়ে যোগদানও করেছেন। সাব-ক্লাস্টার প্রশিক্ষণ কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে। তিনি বলেন যে, সরকারি প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্ট/২০২৪ হরিচরন লস্কর সরঃপ্রাথমিক বিদ্যালয় রংপুরে খেলাধুলার সরঞ্জামাদি, যাতায়াত, দুপুরের খাবার বাবদ=১০,০০০/-(দশ হাজার) এবং খোদ ভূতছাড়া সরঃপ্রাথ বিদ্যালয়ের ব্যয় বাবদ=১৫,৯০০/-(পনের হাজার নয়শত)টাকা ব্যয় হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বরাবর বিল ভাউচার প্রেরণ করা হয়েছে। ব্যয়কৃত টাকা উপজেলা তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ করেন। | সভায় এ বিষয়ে সরকারি প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্ট/২০২৪ হরিচরন লস্কর সরঃপ্রাথমিক বিদ্যালয় ও সরঞ্জামাদি, যাতায়াত, দুপুরের খাবার বাবদ=১০,০০০/-(দশ হাজার) খোদ ভূতছাড়া সরঃপ্রাথ বিদ্যালয়ের =১৫,৯০০/-পনের হাজার)টাকার ব্যয়কৃত টাকার চেক একত্রে ভ্যাট ও আয়কর কর্তন করে উপজেলা উন্নয়ন তহবিল (খেলাধুলা/ সংস্কৃতি)খাত হতে উপজেলা শিক্ষা অফিসারকে ব্যয়কৃত টাকার চেক প্রদানের সিদ্ধান্ত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৯. উপজেলা সমাজ কল্যাণ বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, ফেব্রুয়ারি মাসের প্রতিবন্ধি শনাক্তকরণ কার্যক্রম চলমান আছে। শনাক্তকরণ শেষে সুবর্ন কার্ড বিতরণ করা হবে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার,কাউনিয়া, রংপুর। |

১০.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান যে, HBB প্রকল্পের ঠিকাদার নির্বাচন সম্পন্ন হয়েছে। অতিদ্রুত কাজ শুরু করা হবে। টিআর, কাবিখা প্রকল্পের তালিকা অনুমোদনের জন্য জেলায় প্রেরণ করা হয়েছে। অনুমোদন পাওয়া মাত্র কাজ শুরু করা হবে। ০৯ টি বক্স কালভার্টের মধ্যে ০২টির কাজ প্রায় শেষ। ০৩টির কাজ প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলাপ্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বলেন যে ভি ডব্লিউ বি ২০২৩-২৪ চক্রের সঞ্চয় ফেরত কার্যক্রম চলমান রয়েছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় জানুয়ারি/২৫ মাসের কুর্শা ও বালাপাড়া ইউনিয়নের তালিকা এখনও পাওয়া যায়নি। প্রতি মাসের ২০ তারিখের মধ্যে তালিকা প্রেরণের জন্য সকলকে অনুরোধ করেন। এছাড়া নির্বাচিত উপকারভোগীদের তথ্য কাউকে না দেয়ার ব্যাপারে সচেতন করার জন্য অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি/২৫ মাস পর্যন্ত চলতি অর্থবছরে লক্ষ্যমাত্রার বিপরীতে ২৭০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১৪৫ জনকে আত্নকর্মে নিয়োজিত করা হয়েছে। মাসিক ঋণ আদায় হার ৯৩% এবং ক্রমপুঞ্জিত আদয় হার ৮৭%। এছাড়া তাঁর বিভাগের অন্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, সংগঠন সৃষ্টি, সঞ্চয় জমা, ক্ষুদ্রঋণ ও উদ্যোক্তা ঋণ কার্যক্রম ও প্রশিক্ষণ চলমান রয়েছে। ৩০ জন সদস্যকে ভার্মি কম্পোস্ট বিষয়ে ০৩ দিনের প্রশিক্ষণ দেয়া হয়েছে। কিশোরী সংঘের স্বাস্থ্য সচেতনতামূলক প্রশিক্ষণ ও স্যানেটারী ন্যাপকিন ও খাতা-কলম বিতরণসহ কিশোরীদের সঞ্চয় জমা চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা সমবায় বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা সমবায় অফিসার বলেন যে, অত্র উপজেলায় নিবন্ধিত প্রাথমিক মোট সমবায় সমিতির সংখ্যা ৯২টি । প্রতিবছর জুলাই হতে মার্চ মাসের মধ্যে সমিতিগুলোর অডিট সম্পাদন করা হয়। জানুয়ারি/২০২৫ পর্যন্ত অডিট সম্পাদনের হার ৯২%।<br>তিনি আরো জানান যে, তার কার্যালয়টি উপজেলা পরিষদ পুরাতন ভবনের ২য় তলায় অবস্থিত। জরছাদ না থাকায় বর্ষাকালে পানি চুইয়ে পড়ে প্লাবিত হয়। দেয়ালসমূহ ড্যাম হয়ে গেছে। সার্বিক নিরাপত্তার স্বার্থে প্রবেশ পথের করাপসিবল গেট, বারান্দায় গ্রিল দেয়া আবশ্যক। দুটি ওয়াশরুমসহ তিনটি কক্ষ টাইলস ও রং করা অতিব প্রয়োজন। এ বিষয়ে তিনি সভাপতির সদয় দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক, সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | প্রশাসক উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, কৃষি ভবন এবং সমবায় কার্যালয় একই ভবন স্থানীয় সরকার মন্ত্রনালয় হতে চাহিয়া পত্র প্রেরণ করা হচ্ছে বরাদ্দ পাওয়া মাত্র প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। | উপজেলা সমবায় অফিসার কাউনিয়া, রংপুর। |

১৫. বন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা বন অফিসার জানান যে, উপজেলায় নতুনভাবে বনায়নের জন্য বরাদ্দ পাওয়া যায়নি। তবে পূর্বে সৃজিত সকল বনায়ন রক্ষনাবেক্ষণ ও পাহারার কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় | উপজেলা বন কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

১৬.জনস্বাস্থ্য বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপ-সহকারী প্রকৌশল অধিদপ্তর (জনসাস্থ্য) সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় তথ্য জানা যায়নি। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশল জনস্বাস্থ্যকাউনিয়া, রংপুর। |

১৭. কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ডিজিএম কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি, জানান যে তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | ডিজিএমকাউনিয়া পল্লীবিদ্যুৎ সমিতি-২, রংপুর। |

১৮. আনসার ও ভিডিপি বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | জানুয়ারি/২০২৫ খ্রি | উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, বালাপাড়া ইউনিয়নে | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে | উপজেলা আনসার ভিডিপি |

| | | | | |
|---|---|---|---|---|
| | অগ্রগতি বিষয়ে আলোচনা। | গ্রামভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ চলছে। বিভিন্ন ইউনিয়নের আনসার ও ভিডিপি ক্লাব সমিতি যেগুলো অবৈধ দখলে রয়েছে সেগুলো পুন:উদ্ধারের কার্যক্রম চলমান। | পরিচালনার সিদ্ধান্ত হয়। | অফিসার,কাউনিয়া, রংপুর। |

১৯. তথ্য আপা তথ্য সেবা :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | তথ্য আপা: তথ্যসেবা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় তথ্য জানা যায়নি। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | তথ্য আপা, তথ্য সেবা কর্মকর্তা,কাউনিয়া, রংপুর। |

২০. উপজেলা রিসোর্স সেন্টার :

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় উপস্থিত না থাকায় তাঁর বিভাগীয় তথ্য জানা যায়নি। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা রিসোর্স সেন্টার, কাউনিয়া, রংপুর। |

২১. পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | জানুয়ারি/২০২৫ খ্রি অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান যে, গ্রামীণ এলাকায় সমিতির মাধ্যমে ক্ষুদ্র ঋণ এবং নারী উদ্যোক্তা ঋণ কার্যক্রমের আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরে জানুয়ারি/২০২৫ পর্যন্ত প্রায় ৪০০.০০ কোটি টাকা বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের হার প্রায় ৯৫%। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা কাউনিয়া, রংপুর। |

বিবিধ :

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদ হল কনফারেন্স রুমের টেবিল গুলি নষ্ট হয়েছে। তিনি নতুন টেবিল ক্রয় করার বিষয়ে সভায় উপস্থাপন করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ কনফারেন্স রুমের জন্য একটি নতুন কনফারেন্স টেবিল রাজস্ব তহবিল আসবাবপত্র/সংগ্রহ খাত হতে আরএফকিউ পদ্ধতিতে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ , উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর। |
| ২। | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদের বিভিন্ন উপজেলা সম্প্রসারন ভবন, পুরাতন ভবন মেরামত ও সংস্কার, রাস্তা নির্মাণের জন্য স্থানীয় সরকার বিভাগে বরাদ্দ চাহিয়া পত্র প্রেরণ করা প্রয়োজন।<br>(ক)উপজেলা পরিষদের কনফারেন্স রুম সংস্কার করন।<br>(খ) উপজেলা পরিষদের পুরাতন ইউডিসি ভবন মেরামত ও সংস্কার করন।<br>(গ)উপজেলা পরিষদের অডিটোরিয়াম সংস্কার করন<br>(ঘ) উপজেলা পরিষদের পুরাতন ভবন মেরামত ও সংস্কার করন।<br>(ঙ) উপজেলা পরিষদের ডরমেটরি ভবন মেরামত ও সংস্কার করন<br>(চ) উপজেলা পরিষদের জীপগাড়ী রাখার গ্যারেজ মেরামত ও সংস্কার।<br>(ছ)উপজেলা পরিষদ চত্বরে সাব-রেজিস্টার অফিসের সামনে(অবশিষ্ট ১৪০ মিঃ )রাস্তা আরসিসি করন। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের বিভিন্ন উপজেলা সম্প্রসারন ভবন, পুরাতন ভবন মেরামত ও সংস্কার, রাস্তা নির্মাণের জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ উপজেলা-২ শাখা বরাবর রাজস্ব তহবিলের (স্থিতিসহ)স্বয়ং সম্পূর্ণ প্রস্তাবসহ বরাদ্দ চাহিয়া পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ক)উপজেলা পরিষদের কনফারেন্স রুম সংস্কার করন।<br>(খ) উপজেলা পরিষদের পুরাতন ইউডিসি ভবন মেরামত ও সংস্কার করন।<br>(গ)উপজেলা পরিষদের অডিটোরিয়াম সংস্কার করন<br>(ঘ) উপজেলা পরিষদের পুরাতন ভবন মেরামত ও সংস্কার করন।<br>(ঙ)উপজেলা পরিষদের ডমেটরি ভবন মেরামত ও সংস্কার করন<br>(চ)উপজেলা পরিষদের জীপগাড়ী রাখার গ্যারেজ মেরামত ও সংস্কার।<br>(ছ) উপজেলা পরিষদ চত্বরে সাব-রেজিস্টার অফিসের সামনে(অবশিষ্ট) ১৪০ মিঃ রাস্তা আরসিসি করন। | প্রশাসক উপজেলা পরিষদ , উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর। |
| ৩। | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, গত ০৫/০২/২০২৫ খ্রি. তারিখে উপজেলা পরিষদের ১৫টি হাট-বাজারের ১৪৩২ বাংলা সনের ১ম পর্যায়ের ইজারার তারিখ ধার্য ছিল। এতে ০৩টি হাট-বজারের ইজারা প্রদানের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি অনুমোদনের সুপারিশ করেন।<br>(ক) খানসামা হাট (খ) জয়বাংলা হাট (গ) জামতলীর হাট<br>খানসামা হাটের সর্বোচ্চ দরদাতা মোঃ নাজমুল আলম নাজু, জয়বাংলা হাটের সর্বোচ্চ দরদাতা মোঃ তৌহিদ ইসলাম এবং জামতলী হাটের সর্বোচ্চ দরদাতা মোঃ জিয়াউর রহমান | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ১৪৩২ বাংলা সনে ১৫টি হাট-বাজারের মধ্যে ১ম পর্যায়ে ০৩টি হাট-বাজারের ইজারা প্রদানের জন্য দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক ইজারা প্রদানের সুপারিশ অনুমোদনের জন্য গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ , উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

MHaque
26/02/25
(মোঃ মহিদুল হক)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ মাসিক সভা
কাউনিয়া, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.২৪- ২৪২

তারিখঃ ২৪/০২/২০২৫খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, রংপুর।
৬। চেয়ারম্যান, .................................(সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
৭। উপজেলা ................................. অফিসার, কাউনিয়া, রংপুর।
৮। অফিস কপি।

MHaque
24/02/25
(মোঃ মহিদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন-০২৫৮৯৯৭৮২০১
unokaunia@mopa.gov.bd